# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৩৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৩. সফরকালে দুই ওয়াক্তের নামায একত্রে পড়া

## بَابُ الْجَمْعِ بَيْنَ الصَّلَاتَيْنِ فِي السَّفَرِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ أَخْبَرَنِي الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ بْنِ مَزْيَدٍ أَخْبَرَنِي أَبِي قَالَ : سَمِعْتُ ابْنَ جَابِرٍ يَقُولُ ، حَدَّثَنِي نَافِعٌ قَالَ : خَرَجْتُ مَعَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَهُوَ يُرِيدُ أَرْضًا لَهُ فَنَزَلَ مَنْزِلًا فَأَتَاهُ رَجُلٌ فَقَالَ لَهُ : إِنَّ صَفِيَّةَ بِنْتَ أَبِي عُبَيْدٍ لَمَّا بِهَا وَلَا أَظُنُّ أَنْ تُدْرِكَهَا. وَذَلِكَ بَعْدَ الْعَصْرِ ـ قَالَ : ـ فَخَرَجَ مُسْرِعًا وَمَعَهُ رَجُلٌ مِنْ قُرَيْشٍ فَسِرْنَا حَتَّى إِذَا غَابَتِ الشَّمْسُ وَكَانَ عَهْدِي بِصَاحِبِي وَهُوَ مُحَافِظٌ عَلَى الصَّلَاةِ فَقُلْتُ : الصَّلَاةَ ، فَلَمْ يَلْتَفِتْ إِلَيَّ وَمَضَى كَمَا هُوَ حَتَّى إِذَا كَانَ مِنْ آخِرِ الشَّفَقِ نَزَلَ فَصَلَّى الْمَغْرِبَ ثُمَّ أَقَامَ الصَّلَاةَ وَقَدْ تَوَارَى الشَّفَقُ فَصَلَّى بِنَا الْعِشَاءَ ثُمَّ أَقْبَلَ عَلَيْنَا ، فَقَالَ : كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِذَا عَجَّلَ بِهِ أَمْرٌ صَنَعَ هَكَذَا

বাংলা

১৪৩৮(১৯). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... নাফে’ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুল্লাহ ইবনে উমার (রাঃ)-এর সাথে সফরে রওয়ানা হলাম, তিনি তার কৃষি খামারে যাচ্ছিলেন। তিনি এক স্থানে যাত্রাবিরতি করেন। এক ব্যক্তি তার নিকট এসে তাকে বলেন, আবু উবায়েদ-কন্যা সফিয়া (রহঃ) অসুস্থ। আমার মনে হয় আপনি গিয়ে তাকে পাবেন না। এই সংবাদ এলো আসরের নামাযের পর। রাবী বলেন, ইবনে উমার (রাঃ) দ্রুত রওয়ানা হলেন। তার সঙ্গে কুরাইশ গোত্রের এক ব্যক্তি ছিলেন। আমরাও তার সঙ্গে সফর করলাম। শেষে সূর্য অস্তমিত হলো। আমার সঙ্গী নামাযের প্রতি খুবই যত্নবান ছিলেন। আমি বললাম, নামায। তিনি আমার (কথার) প্রতি মনোযোগ দিলেন না এবং পূর্বানুরূপ সামনে অগ্রসর হতে থাকলেন। শেষে তিনি শাফাক অস্তমিত হওয়ার পূর্বে অবতরণ করেন এবং মাগরিবের নামায পড়েন, তারপর নামাযের ইকামত দেন, তখন শাফাক অস্তমিত হয়েছে। তিনি আমাদের নিয়ে এশার নামায পড়েন, অতঃপর আমাদের দিকে ফিরে বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন কোন কারণে দ্রুত (সফর) করলে অনুরূপ করতেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81227

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন